**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়**
**টাঙ্গাইল।**
**tangail.judiciary.org.bd**

**বিষয় ঃ** *নিষ্পত্তিকৃত মামলার নথি ও রেজিষ্ট্রারসমূহ রেকর্ডরুমে প্রেরণ প্রসঙ্গে।*

ইদানিং নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গোচরীভূত হয়েছে যে, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসি, টাঙ্গাইলের আওতাধীন জি.আর শাখা হতে নিষ্পত্তিকৃত মামলার নথি ও পুরাতন রেজিষ্ট্রারসমূহ যথাসময়ে রেকর্ডরুমে প্রেরণ করা হচ্ছে না। ইহাতে নিষ্পত্তিকৃত মামলার ভবিষ্যৎ কার্যক্রম গ্রহণে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। অনেক সময় মহামান্য হাইকোর্ট বিভাগসহ উচ্চ আদালত হতে নিষ্পত্তিকৃত বিভিন্ন মামলার নথি ও রেজিষ্ট্রার তলব দেয়া হলেও উক্ত নথি রেকর্ডরুমে খুঁজে পাওয়া যায় না। উক্ত বিষয়ে ইতোপূর্বে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হলেও উহা সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে না।

এমতাবস্থায়, নিষ্পত্তিকৃত জি.আর/নন.জি.আর মামলার নথি ও পুরাতন রেজিষ্ট্রারসমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে রেকর্ডরুমে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা গেল।

সংশ্লিষ্ট সকলকে অবগত করা হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৩৯.১৯/ ৯২৯(১৬)-৮

তারিখ ঃ ০১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ / ১৭ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
২। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ আদালত, টাঙ্গাইল।
৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।
৪। কোর্ট পুলিশ পরিদর্শক, সদর কোর্ট, টাঙ্গাইল (সকল জি.আর.ও দের অবগতকরণ এবং উক্ত বিষয়ে তদারকীর নির্দেশনাসহ)।
৫। কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
৬। পি/এ টু সি.জে.এম, টাঙ্গাইল।
৭। অফিস কপি।

১৭/১০/২০১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।